



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং-সিশিবো/পনি/গোপনীয়/৫০০০/২০১৭/৯৬

তারিখঃ ০৪/০৪/২০১৭খ্রিঃ

বিষয়ঃ জেএসসি/জেডিসি পরীক্ষায় শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা এবং চারু ও কারুকলা বিষয়সমূহ অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীর মান যাচাই প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং-শি:উ: ২৭৭/১১/২৭৯

তারিখঃ ২৯/০৩/২০১৭ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ ও কলেজিয়েট স্কুলসমূহের অধ্যক্ষগণকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি (এন সি সি সি) এর ২২/০৩/২০১৭ তারিখের সভায় জেএসসি পরীক্ষায় শারীরিক ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা এবং চারু ও কারুকলা বিষয়সমূহ অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে বুদ্ধিভিত্তিক, মনোপেশিজ ও আবেগীয় ক্ষেত্রে শিক্ষার্থীর মান যাচাই করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে মান যাচাই বিষয়ে নম্বর বন্টন এতসঙ্গে প্রেরণ করা হলো। উল্লেখ্য, ২০১৭ সালে অনুষ্ঠিতব্য জেএসসি/জেডিসি পরীক্ষা থেকে পদ্ধতিটি চালু করতে হবে।


বর্ণিত বিষয়টি অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকগণ ও কলেজিয়েট স্কুলসমূহের অধ্যক্ষগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল।

সংযুক্তিঃ

মান যাচাই বিষয়ে নম্বর বন্টন ০২ পৃষ্ঠা

প্রাপকঃ প্রধান শিক্ষক/ অধ্যক্ষ

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয় ও কলেজিয়েট স্কুল।



পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

১. সিস্টেম এনালিস্ট (অত্র শিক্ষা বোর্ড), সংযুক্তি সহ মোট ০৩ পৃষ্ঠা অত্র শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা গেল।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৩. সংরক্ষণ নথি।

